

বন্ধ খামের কুলকুলানি

দাঁতে দাঁতে চেপে রাখা খামে
 তিন চার বাহু কৌতূহল
 ভেতরে তার নোনা হাত অথবা জেঁকালো ঠোঁট
 স্বপ্নফিন্‌কি হ'তে পারে রসুই দরজা
 স্পর্শে খুব কাঁটা গাছ অযথা জলের
 কুলকুলানি স্বভাবে দেহমন
 এমন সময়

নাপিতেরা কাঁচির চিকিৎসা করে
 চিকিৎসাকালে টিকি বেড়ে যায়
 মাথা নড়লে টিকি নড়ে, এরকম কেউ
 খামের ভিতর ঘাপটি হ'তে পারে ।
 বিছানার নিচে চেপে রাখলে বঙ্গোপসাগর
 বাধা পায় পূর্বঘাট পর্বতমালায়
 কেউ কেউ বলে
 ইকির মিকির জন
 খামের ভেতর চামচিকি
 থেকে আমি
 কী প্রত্যাশা করি তা তো আগেই বললাম।

দিশারী মুখোপাধ্যায়

